


প্রকাশ : রবিবার, ১৮ অক্টোবর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ১৮ অক্টোবর, ২০১৫ ০০:২২

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

শিক্ষার্থীদের নিয়ে সবুজ ঢাকা মিশনে আনিসুল

নিজস্ব প্রতিবেদক

গড় রেটিং: 1.0/5 (1 টি ভোট গৃহিত হয়েছে)



ময়লা-আবর্জনামুক্ত সবুজ ঢাকা গড়ার মিশনে আনুষ্ঠানিক যাত্রা শুরু করেছেন উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক। গতকাল সকালে স্বেচ্ছাসেবক শিক্ষার্থীদের নিয়ে রাজধানীর বিজয় সরণি এলাকা থেকে তিনি এ যাত্রা শুরু করেন। এ সময় মেয়র বলেন, আগামী তিন-চার বছরের মধ্যে প্রাণের ঢাকাকে সবুজ শহর করতে আমরা ঢাকা' কাজ করছে। ঢাকাসহ পুরো দেশকে

আবর্জনামুক্ত করতে সবার মধ্যে সচেতনতা

বাড়ানোর আহ্বান জানান তিনি। পরিচ্ছন্নতা অভিযানে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যানতত্ত্ব বিভাগের অধ্যাপক আ ফ ম জামাল উদ্দিনসহ বিশ্ববিদ্যালয় ও সংশ্লিষ্ট এলাকার শতাধিক শিক্ষার্থী অংশ নেন। সবুজ রঙের টি-শার্ট পরে গ্রিন ঢাকা ক্লিন ঢাকা' এ স্লোগান সামনে রেখে নভোথিয়েটার থেকে জাহাঙ্গীর গেট পর্যন্ত শোভাযাত্রাসহ পরিচ্ছন্নতা অভিযানে নামেন তারা। এ সময় সড়কের সব ময়লা-আবর্জনা তুলে নেওয়া হয়। এর আগে বঙ্গবন্ধু নভোথিয়েটারের সামনে এ কার্যক্রমের উদ্বোধন করে গ্রিন ঢাকা ক্লিন ঢাকা গড়তে নগরবাসীর সহায়তা চান মেয়র আনিসুল হক। তিনি বলেন, গ্রিন ঢাকা গড়ে তোলার জন্য রাজধানীর প্রতিটি বাড়িঘরে গাছ লাগানোর জন্য আমরা কাজ করব। এ কার্যক্রম আগামী পাঁচ বছর চলবে বলেও জানান মেয়র।